

💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ মুরজিয়া মতবাদ, নেক আমল, মুজিযা-কারামত, আখিরাত, ঈমান-ইসলাম ও অন্যান্য প্রসঙ্গ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. নেক কর্ম কবুলের শর্তাবলি

ইমাম আবৃ হানীফা (রাহ) বললেন: "যে ব্যক্তি সকল শর্ত পূরণ করে এবং সকল বিনষ্টকারী ত্রুটি থেকে মুক্ত থেকে কোনো নেক কর্ম করবে এবং কুফর বা ধর্মত্যাগ দ্বারা বা অশোভন আচরণ দ্বারা তার নেককর্মটি বিনষ্ট করবে না এবং ঈমান-সহ পৃথিবী ত্যাগ করবে আল্লাহ তার কর্মটি নষ্ট করবেন না, বরং তিনি তা কবুল করবেন এবং তাকে তার জন্য সাওয়াব প্রদান করবেন।" এখানে তিনি ইবাদতের পুরস্কার লাভের জন্য চারটি শর্ত উল্লেখ করেছেন: (১) নেক আমল কবুলের শর্ত পূরণ হওয়া, (২) নেক আমল বিনষ্টকারী ত্রুটি থেকে মুক্ত হওয়া, (৩) কুফর-শিরক থেকে মুক্ত থাকা ও (৪) ঈমনসহ মৃত্যু বরণ করা।

প্রথমে আমরা নেক আমল কবুলের শর্তগুলো পর্যালোচনা করব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7224

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন